

নারায়ণগঞ্জে ২৫ ছাত্রের বিরুদ্ধে প্রধান শিক্ষকের মামলা দায়ের

নারায়ণগঞ্জ প্রতিনিধি

জেলা শহরের এক স্কুলের প্রধান শিক্ষক শনিবার সদর থানায় মামলা টুকে দিয়েছেন তারই স্কুলের ২৫ জন ছাত্রের বিরুদ্ধে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, শহরের অন্যতম স্বনামধন্য গণবিদ্যা নিকেতনের ২৫ জন ছাত্র এসএসসি নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ হয়। এ ছাত্ররা তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ করিয়ে দিতে বারবার চাপ প্রয়োগ করতে থাকে প্রধান শিক্ষকের ওপর। এ অবৈধ আবদার জ্বাদায়ে ব্যর্থ হয়ে ওই ছাত্ররা বৃহস্পতিবার হামলা চালায় স্কুলের অফিস কক্ষে। ব্যাপক ভাংচুরসহ আসবাবপত্র ও অন্যান্য কাগজপত্র লুণ্ঠন করে দেয় তারা। এ অবস্থায় স্কুল কর্তৃপক্ষ সর্বসম্মত সিদ্ধান্ত নিয়ে এই অবাধ্য ২৫ ছাত্রের বিরুদ্ধে মামলা করার পরামর্শ দেন প্রধান শিক্ষককে। এরপর শনিবার প্রধান শিক্ষক আবদুস সামাদ এ মামলাটি টুকে দিয়েছেন।